

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৯১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং ক্বিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر هنا

আরবী

) (صحيح) وَعَنْه رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((إِذَا رَأَيْتُمْ مَنْ يَنْشُدُ مَنْ يَبِيعُ أَوْ يَبْتَاعُ في المَسْجِدِ، فَقُولُوا: لا أَرْبَحَ اللهُ تِجَارَتَكَ، وَإِذَا رَأَيْتُمْ مَنْ يَنْشُدُ ضَالَّةً فَقُولُوا: لا رَدَّهَا الله عَلَيْكَ)). رواه الترمذي وقال حديث حسن صحيح والنسائي وابن خزيمة والحاكم وقال صحيح على شرط مسلم ورواه ابن حبان في صحيحه بنحوه بالشطر الأول

বাংলা

২৯১. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যখন তোমরা দেখবে কোন ব্যাক্তি মসজিদের মধ্যে ক্রয় বা বিক্রয় করছে, তখন বলবেঃ আল্লাহ তোমার ব্যবসায় লোকসান দিক। আর যখন কোন ব্যাক্তিকে হারানো বস্তু (মসজিদে) খুঁজতে দেখবে তখন বলবেঃ আল্লাহ তোমাকে উক্ত বস্তু ফিরিয়ে না দিক।"

(হাদীছটি বর্ণনা করেছেন তিরমিয়ী ১৩২১, নাসাঈ ৭৬, ইবনু খুযায়মাহ্ ২/২৭৪, হাকেম ২/৫৬ ও হাদীছটির প্রথম অংশ ইবনু হিব্বান তাঁর (সহীহ্) গ্রন্থে। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীছটি হাসান সহীহ্। হাকেম বলেনঃ হাদীছটি মুসলিমের শর্তানুযায়ী সহীহ্।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন